বাফুফে প্রেসিডেন্টের বিবৃতি- এপ্রিল ২০১৮

সাফ চ্যাপিয়নশিপঃ প্রথম ম্যাচে ভূটানের মুখোমুখি বাংলাদেশ

সাতটি দলের অংশগ্রহণে সাফ সুজুকি কাপ ২০১৮ চলতি বছরের ৪ সেপ্টেম্বর থেকে ঢাকায় শুরু হচ্ছে। প্রতিযোগিতার প্রথম ম্যাচে ভূটানের মুখোমুখি হবে স্বাগতিক বাংলাদেশ। গত ১৮ এপ্রিল প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেলে র্যাফেল ড্রয়ের মাধ্যমে প্রতিযোগিতার সূচি চূড়ান্ত করা হয়।

প্রতিযোগিতায় ‘এ’ গ্রুপে বাংলাদেশের সাথে অপর তিনটি দল হচ্ছে- নেপাল, পাকিস্তান এবং ভূটান। অন্যদিকে ‘বি’ গ্রুপে রয়েছে-ভারত, মালদ্বীপ এবং শ্রীলংকা। ৯ সেপ্টেম্বর পর্যন্ত গ্রুপ পর্বের খেলার পর ১২ সেপ্টেম্বর প্রতিযোগিতার সেমি-ফাইনাল খেলা দুটি অনুষ্ঠিত হবে। ১৫ সেপ্টেম্বর ফাইনালের মাধ্যমে সাফের এই টুর্নামেন্টটি শেষ হবে।

সাফ কংগ্রেস ২০১৮

ঢাকার প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেলে গত ১১ এপ্রিল সাফ কংগ্রেস ২০১৮ অনুষ্ঠিত হয়। এতে তৃতীয়বারের মতো সাফের সভাপতি হিসেবে নির্বাচিত হতে পেরে আমি গর্বিত। নতুন কমিটিতে সহসভাপতি হিসেবে খাদিম আলি শাহ (পাকিস্তান), অনুরা ডি সিলভা (শ্রীলংকা), মানি কুমার (নেপাল) এবং ট্রেজারার হিসেবে উগইয়েন ওয়াংচুক (ভূটান) নির্বাচিত হয়েছেন।

এএফসি এবং ফিফা আয়োজিত প্রতিযোগিতাগুলোতে সাফের অন্তর্ভূক্ত দেশগুলোর প্রতিনিধিত্ব বাড়ানোর লক্ষ্যে কাজ করবে নবনির্বাচিত কমিটি।

এএফসি উইমেন্স ফুটসাল চ্যাম্পিয়নশীপ ২০১৮

প্রথমবারের মতো এএফসি উইমেন্স ফুটসাল চ্যাম্পিয়নশীপে অংশগ্রহণের জন্য বর্তমানে থাইল্যান্ডে অবস্থান করছে বাংলাদেশ জাতীয় প্রমীলা ফুটবল দল। এশিয়ার ১৫ টি দলের অংশগ্রহণে চলমান এই টুর্নামেন্টে মালয়েশিয়া, ভিয়েতনাম এবং চাইনিজ তাইপের সঙ্গে ‘বি’ গ্রুপে রয়েছে বাংলাদেশ।

আশা করছি এই টুর্নামেন্টের মতো বড় মঞ্চে ভালো পারফরম্যান্স অব্যাহত রাখতে পারবে বাংলাদেশ প্রমীলা ফুটবল দল।

এএফসি গোলকিপিং লেভেল ১ কোচিং কোর্সে সাফল্য

ছয় দিনব্যাপী এএফসি গোলকিপিং লেভেল ১ কোচিং কোর্স গত ৩০ এপ্রিল সফলভাবে শেষ হয়েছে। ১৪ জন গোলকিপিং কোচের অংশগ্রহণে কোর্সটির দ্বিতীয় পর্ব ইতোমধ্যে গত ২৫ এপ্রিলে শুরুহয়েছে। অংশগ্রহণকারীদের মধ্যে মালদ্বীপের একজন কোচও ছিলেন। কোর্সটি পরিচালনার দায়িত্বে ছিলেন এএফসি গোলকিপিং ইনস্ট্রাক্টর এবং ফুটবল ফেডারেশন অস্ট্রেলিয়ার ন্যাশনাল গোলকিপিং ডেভেলপমেন্ট ম্যানেজের ডিন মে।

কোর্সটিতে দুই দিনব্যাপী থিওরেটিকাল কোচিং এবং চার দিনব্যাপী প্র্যাকটিকাল ট্রেনিংয়ের আয়োজন করা হয়। বাফুফের দীর্ঘ মেয়াদী ফুটবল উন্নয়ন পরিকল্পনা অনুযায়ী এমন ধরনের কোর্স আয়োজন অব্যাহত থাকবে।

এএফসি সি লাইসেন্স কোচিং কোর্সের সমাপ্তি

বাফুফে আয়োজিত ১৪ দিনব্যাপী পঞ্চম এএফসি ‘সি’ লাইসেন্স কোচিং কোর্স ফর ফুটবল কোচেস গত ১৭ এপ্রিল শেষ হয়েছে। এর আগে ২০১৭ সালে এমন চারটি কোর্স সফলভাবে আয়োজন করে বাফুফে। ৩ এপ্রিল থেকে শুরু হওয়া এই কোর্সটির দায়িত্বে বরাবরের মতোই ছিলেন বাফুফের টেকনিক্যাল এবং স্ট্র্যাটেজিক ডিরেক্টর পল স্মলি। দুইজন নারীসহ মোট ২৪ জন কোচ এই কোর্সে অংশ নিয়েছেন। দক্ষ কোচ তৈরির মাধ্যমে ফুটবল উন্নয়নের জন্য বাফুফের এই উদ্যোগ ভবিষ্যতেও অব্যাহত থাকবে।

এএফসি কোচিং কনভেনশন অ্যাপ্লিকেশন

আধুনিক পদ্ধতিতে কোচদের কোচিং ট্রেনিং পরিচালনা করার লক্ষ্যে ইতোমধ্যে কোচিং কনভেনশন অ্যাপ্লিকেশন সাবমিট করেছে বাফুফে। এএফসি সদস্যভূক্ত দেশগুলোর মধ্যে দ্বিপাক্ষিক চুক্তির মাধ্যমে কোচিং ডিপ্লোমা প্রোগ্রামের আয়োজন এবং এশিয়ায় কোচ এডুকেশন সংক্রান্ত বিস্তারিত নির্দেশনা রয়েছে এই কনভেনশনে। এক্ষেত্রে এই নির্দেশনাসমূহ বাস্তবায়ন এবং একই সাথে নিজস্ব পরিকল্পনা অনুযায়ী ফুটবল উন্নয়নের জন্য কাজ করবে বাফুফে। উল্লেখ্য, এই কনভেনশন অনুযায়ী কোচদের স্কিল, আত্মবিশ্বাস, সৃজনশীলতা এবং সমস্যা সমাধানে দক্ষতার মতো মৌলিক বিষয়গুলোর উন্নতির উপর জোর দেয়া হবে।

ওয়ালটন অ-১৮ ফুটবল টুর্নামেন্ট

সর্বশেষ বাংলাদেশ প্রিমিয়ার লীগে অংশগ্রহণ করা ১২টি টিমের বয়সভিত্তিক দল নিয়ে গত ২৬ এপ্রিল থেকে শুরু হয়েছে ওয়ালটন অ-১৮ ফুটবল টুর্নামেন্ট ২০১৭-১৮। আগামী ১৩ মে পর্যন্ত এই টুর্নামেন্টের খেলা বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে অনুষ্ঠিত হবে। ভবিষ্যতের জন্য মেধাবী ফুটবলার খুঁজে পেতে এই টুর্নামেন্টটি কার্যকর হবে বলে আমরা মনে করছি।

ভারত সফর সফলভাবে শেষ করে ফিরে এসেছেন সাবিনা-কৃষ্ণা

ইন্ডিয়ান উইমেন্স লীগ ২০১৮-এর সফল অভিযান শেষে গত ১৪ এপ্রিল দেশে ফিরে এসেছেন সাবিনা খাতুন এবং কৃষ্ণা রানী সরকার। তাদের টিম সেতু এফসি প্রতিযোগিতায় সেমিফাইনাল পর্যন্ত পৌঁছায় এবং এর পেছনে সাবিনা খাতুন মুখ্য ভূমিকা পালন করেছেন। তাঁর টিমের করা ১১টি গোলের মধ্যে সাবিনা একাই করেছেন ৬টি। বিখ্যাত ফুটবলভিত্তিক অনলাইন পোর্টাল গোল ডটকম সাবিনাকে ইন্ডিয়ান উইম্যান্স লীগের জন্য বাংলাদেশের পক্ষ থেকে ‘উপহার’ হিসেবে আখ্যায়িত করেছে। অন্যদিকে, উঠতি তারকা হিসেবে কৃষ্ণার পারফরম্যান্সও ছিল চোখে লাগার মতো। আশাকরি ভবিষ্যতে পেশাদার পর্যায়ে আরো অনেক ফুটবলার সাবিনা-কৃষ্ণার মতো দেশের জন্য সুনাম বয়ে আনবেন।

তৃতীয় বিভাগের শিরোপা ঘরে তুললো আরামবাগ

এপ্রিল মাসে ডিএমএফএলসি থার্ড ডিভিশন লীগ ২০১৮ সফলভাবে শেষ হয়েছে। টুর্নামেন্টের সুপার লীগ স্টেজে ২৩ পয়েন্ট নিয়ে শিরোপা নিশ্চিত করেছে আরামবাগ ফুটবল একাডেমি। ১৮ পয়েন্ট নিয়ে দ্বিতীয় হয়েছে কদমতলা সংসদ। অন্যদিকে, লীগে সবচেয়ে কম পয়েন্টধারী তিনটি দল- বাংলাদেশ আনসার এন্ড ভিডিপি, কল্লোল সঙ্ঘ, চট্টগ্রাম এবং গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস এসএন্ডআর ক্লাব তৃতীয় বিভাগ থেকে পাইওনিয়ার ডিভিশনে রেলিগেট হয়েছে।

২০ দলের অংশগ্রহণে এই প্রতিযোগিতায় মোট দুটি ভাগ ছিল। প্রথম দিকে দলগুলো দুটি ভাগে ভাগ হয়ে গ্রুপ পর্যায়ে খেলেছে এবং পরবর্তীতে প্রতি গ্রুপ থেকে সেরা পাঁচটি দল সুপার লীগ পর্যায়ে অংশ নেয়।

রেফারি প্রমোশন টেস্ট

লেভেল ৩ থেকে লেভেল ২ পর্যায়ে উত্তরণের জন্য আয়োজিত দুই দিনের প্রমোশন টেস্ট গত ২৮ এপ্রিল সফলভাবে শেষ হয়েছে। প্রথমদিন থিওরেটিকাল ক্লাসের পর পরবর্তী দিনে বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে ফিটনেস টেস্টে অংশ নেয় ৬৫ জন রেফারি। এর আগে এপ্রিলের ৬ তারিখে জাতীয় স্টেডিয়ামে ত্রৈমাসিক ফিটনেস টেস্টে অংশ নেয় ১১৫ জন রেফারি।

জেএফএ অ-১৪ ন্যাশনাল উইমেন্স চ্যাম্পিয়নশীপ

জেএফএ অ-১৪ ন্যাশনাল উইমেন্স চ্যাম্পিয়নশীপের প্রথম রাউন্ড গত ২৪ থেকে ২৭ এপ্রিল দেশের ছয়টি ভেন্যুতে শুরু হয়। এরপর প্রতিযোগিতার ফাইনাল রাউন্ড গত ৩০ এপ্রিল কমলাপুরের বীরশ্রেষ্ঠ সিপাহী মোস্তফা কামাল স্টেডিয়ামে শুরু হয়।

চলতি মাস থেকে শুরু হচ্ছে স্কুল ফুটবল টুর্নামেন্ট

চলতি মাসের দ্বিতীয় সপ্তাহে দেশের সাতটি ভেন্যুতে ন্যশনাল স্কুল টুর্নামেন্ট ২০১৭-১৮ শুরু হবে। এই সাতটি ভেন্যু হল- ঢাকা, সাতক্ষীরা, সিলেট, রংপুর, বরিশাল, চট্টগ্রাম এবং রাজশাহী। দেশের ৬০টি জেলার ফুটবল দলসমূহ এখানে অংশগ্রহণ করবে। এই দলগুলোকে বাফুফের পক্ষ থেকে জার্সি-শর্টসহ আনুষাঙ্গিক জিনিসপত্র প্রদান করা হবে।

রেফারিদের ত্রৈমাসিক ফিটনেস টেস্ট

গত ৬ এপ্রিল বাফুফের রেফারি কমিটির তত্ত্বাবধানে বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে রেফারি ফিটনেস টেস্টের আয়োজন করা হয় যেখানে ১১৫ জন রেফারি অংশগ্রহণ করেন। এই কার্যক্রমের দ্বিতীয় এবং তৃতীয় পর্যায় যথাক্রমে ৩ আগস্ট এবং ৭ ডিসেম্বরে অনুষ্ঠিত হবে।

জেলা ফুটবল লীগ ২০১৮

জেলা ফুটবল লীগ ২০১৮- কে সামনে রেখে তৃণমূল পর্যায় থেকে ফুটবল প্রতিভা তুলে আনার লক্ষ্যে বিশেষ সভায় অংশ নিয়েছেন বাফুফের সদস্যবৃন্দ। সভায় নেয়া সিদ্ধান্ত অনুযায়ী এই লীগ আয়োজনের জন্য প্রতিটি জেলাকে তিন লাখ টাকার অনুদান প্রদান করবে বাফুফে যার মধ্যে এক লাখ টাকা ইতোমধ্যে লীগ কমিটির সভাপতিদের কাছে হস্তান্তর করা হয়েছে। এছাড়া দক্ষ প্রশিক্ষকসহ অন্যান্য সহযোগিতাও প্রদান করবে বাফুফে।

অনন্যা শীর্ষ দশে কিরণ-মারিয়া

ফিফা কাউন্সিলের সদস্য এবং বাফুফের মহিলা উইংয়ের চেয়ারপারসন মাহফুজা আক্তার কিরণ এবং অ-১৫ নারী দলের অধিনায়ক মারিয়া মান্ডা এ বছরের অনন্যা শীর্ষ দশ ২০১৭ পুরষ্কার পেয়েছেন। গত ৭ এপ্রিল ঢাকায় আয়োজিত এক অনুষ্ঠানে তাঁরা এই সম্মাননা গ্রহণ করেন।